বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন
এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**নম্বর:** ৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.৩৪৪

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১৬ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি/নোটিশ**

বিষয়: **বাপাউবো'র জোন/অঞ্চলের প্রধান প্রকৌঃ/ অতিঃ প্রধান প্রকৌঃ মহোদয়গণের অংশগ্রহণে বাপাউবো'র আওতাধীন দপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরন বিষয়ক ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ) সভার বিজ্ঞপ্তি প্রসঙ্গে।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাপাউবো'র মাঠ পর্যায়ের দপ্তরসমূহে সেবা প্রদান প্রতিশুতি (Citizen Charter) কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত সেবা প্রদান প্রতিশ্রতি পরিবীক্ষন ও বাস্তবায়ন নির্দেশিকা ২০২৩-২৪ এর সূচক ১.২ অনুযায়ী বাপাউবো'র জোন/অঞ্চলের প্রধান প্রকৌঃ/ অতিঃ প্রধান প্রকৌঃ মহোদয়গণের অংশগ্রহণে বাপাউবো'র আওতাধীন দপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরন বিষয়ক ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ) সভা আগামী ১৬ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখ সোমবার বিকাল ৩.৩০ ঘটিকায় পানি ভবনের লেভেল-৫ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ওয়াহিদ হোসেন ; অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা। উক্ত সভায় বিতরন তালিকায় বর্ণিত সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

**সভার আলোচ্যসূচিঃ**

০১. বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদকরন।
০২. বিবিধ।

**বিতরনঃ**

**বাপাউবো'র সকল অঞ্চল/জোন এর প্রধান প্রকৌঃ/অতিঃ প্রধান প্রকৌঃ মহোদয়গণ।**

১৬-১০-২০২৩
মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা এবং বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি;
২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ( বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সেবা বক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো) এবং
৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন
এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**বিগত ১৬ অক্টোবর ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাপাউবো'র জোন/অঞ্চলসমূহের প্রধান প্রকৌঃ/অতিঃ প্রধান প্রকৌঃ গণের অংশগ্রহনে বাপাউবোর আওতাধীন দপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরন বিষয়ক ২য় ত্রৈমাসিক সভা ২০২৩-২৪ এর কার্যবিবরনী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ওয়াহিদ হোসেন<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী |
| সভার তারিখ | ১৬ অক্টোবর, ২০২৩ খ্রিঃ |
| সভার সময় | বিকাল ৩.৩০ ঘটিকা। |
| স্থান | পানি ভবন সম্মেলনক্ষ (লেভেল ৫) |
| উপস্থিতি | সংযুক্তি ০১ সদয় দ্রস্টব্য। |

সভার শুরুতে সভাপতি মহোদয় আমন্ত্রিত প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী মহোদয়দের সভায় স্বাগত জানান এবং মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ এ অত্র অর্থ-বছরের বাপাউবো'র জোন/অঞ্চলসমূহের জন্য বর্ণিত কার্যক্রমের ব্যাপারে মতামত উপস্থাপন করেন। এসময় তিনি উপস্থিত সকল জোন/অঞ্চল প্রধানগণকে তাদের নিজ নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ এবং তা জোন/অঞ্চলের ওয়েবসাইটে প্রদর্শন/আপলোডের ব্যাপারে নির্দেশনা প্রদান করেন। অতঃপর প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক তাঁর অঞ্চলে গৃহীত কার্যক্রমসমূহের ব্যাপারে বক্তব্য উপস্থাপন করেন। এসময় বাপাউবো'র সিটিজেন চার্টার বিষয়ক লিফলেট উপস্থিত সকলকে সরবরাহ করা হয়। অতঃপর সভাপতি মহোদয় বাপাউবো'র জোন/অঞ্চল পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) নির্ধারিত সময়ের মধ্যে হালনাগাদপূর্বক হালনাগাদের তথ্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর থেকে আগত কর্মকর্তাগণ এই বিষয়ে একমত পোষন করেন। উল্লিখিত বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকলের সম্মতিক্রমে নিম্নবর্ণীত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

১। ১ম ত্রৈমাসিকের ধারাবাহিকতায় অদ্য ২য় ত্রৈমাসিকেও বাপাউবো'র জোন/অঞ্চল পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) নির্ধারিত সময়ের মধ্যে হালনাগাদপূর্বক হালনাগাদের তথ্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

২। বাপাউবো'র জোন/অঞ্চল পর্যায়ে দপ্তর এবং তাদের আওতাধীন দপ্তর তাদের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদপূর্বক দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করবে এবং নির্ধারিত সময়ের মধ্যে তা জোন/অঞ্চলের ওয়েবসাইটে আপলেড করবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

২২-১০-২০২৩
মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

তারিখ: ৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
২২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.৩৪৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা এবং বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি;
২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো) এবং
৪। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

২২-১০-২০২৩
মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

**সকল সংযুক্তিসমূহ:**

(১) CC inspection meeting 2nd qurter 23-24 Attendance on 16 Oct

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**বাপাউবো'র জোন/অঞ্চলের প্রধান প্রকৌঃ/অতিঃ প্রধান প্রকৌঃ মহোদয়গণের অংশগ্রহণে বাপাউবো'র আওতাধীন দপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরন বিষয়ক ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) সভা ২০২৩-২৪ খ্রিঃ।**

তারিখ ঃ ১৬ অক্টোবর, ২০২৩ খ্রিঃ।

স্থান ঃ পানি ভবন সম্মেলনকক্ষ (লেভেল-৫; রুম নং ৫০৭); ৭২, গ্রীন রোড, ঢাকা ১২০৫।

হাজিরা বিবরনী

| নাম ও পদবী | অফিস | স্বাক্ষর |
|---|---|---|
| শিবেন্দু খাস্তগীর<br>অতিঃ প্রধান প্রকৌশলী | প্রধান প্রকৌশলীর দপ্তর<br>বাপাউবো, চট্টগ্রাম, | [signature] 16/10/2023 |
| খুশী মোহন সরকার<br>অতিঃ প্রধান প্রকৌশলী | উত্তর - পূর্বাঞ্চল<br>বাপাউবো, সিলেট | [signature] 16/10/2023 |
| মোঃ জহিরুল ইসলাম<br>প্রধান প্রকৌশলী | উত্তর পশ্চিমাঞ্চল,<br>বাপাউবো, রাজশাহী | [signature] 16/10/23 |
| মোঃ জাহিদ হোসেন<br>অতিঃ প্রধান প্রকৌশলী | পূর্বাঞ্চল,<br>বাপাউবো, কুমিল্লা | [signature] 16/10/23 |
| মোঃ আসাদুজ্জামান<br>অতিঃ প্রধান প্রকৌঃ | কেন্দ্রীয় অঞ্চল | [signature] 16/10/2023 |
| মোঃ সাদি উদ্দিন<br>অতিঃ প্রধান প্রকৌশলী | বাপাউবো, খুলনা | [signature] 16/10/23 |
| মোঃ ওয়াহিদ হোসেন<br>অতিঃ প্রধান প্রকৌঃ | প্রধান, প্রশিক্ষণ ও<br>কর্মচারী [illegible] | [signature] 16/10/23 |
| আবু সালেহ মোহাম্মদ মোশাররফ<br>চৌধুরী; নির্বাহী প্রকৌশলী | প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন | [signature] 16/10/2023 |
| মোঃ মাহবুবর রহমান<br>প্রধান প্রকৌশলী | উত্তরাঞ্চল, বাপাউবো,<br>রংপুর | [signature] 16/10/2023 |
| মজিবুর রহমান<br>অতিঃ প্রধান প্রকৌঃ | দক্ষিণাঞ্চল, বাপাউবো,<br>বরিশাল | [signature] |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |